



দৈনিক সংবাদ

দৈনিক সংবাদ, ০৬-০৮-২০২৩, পৃষ্ঠা - ০৮

তুয়া সংবাদ থেকে রক্ষা পেতে ‘ইনফরমেশন লিটারেসি’-এর ওপর গুরুত্বারোপ তথ্যমন্ত্রীর

নিজস্ব বার্তা পরিবেশক

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগ তিনি দিনব্যাপী ‘ইনফরমেশন এন্ড নেটওর্ক ম্যনেজম্যান্ট’ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করেছে। সম্মেলনে বাংলাদেশসহ ১১টি দেশের প্রায় ৩০০ জন অংশগ্রহণ করেন।

সম্মেলনের প্রধান অধিবেশন গত শুক্রবার সক্ষ্যায় বিশ্ববিদ্যালয়ের মঙ্গুর এলাহী অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন- তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাচান মাহমুদ।

ডষ্টের হাসান মাহমুদ তার বক্তব্যে বলেন, ‘দেশে অবাধ ও স্বাধীন তথ্য প্রবাহে সরকার কোন ধরনের বাধার সৃষ্টি করে না। কিন্তু গণমাধ্যম কতটা দায়িত্বশীল আচরণ করে তা প্রশ্ন সাপেক্ষ। একই সঙ্গে তিনি সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে সতর্ক থাকার আহ্বান জানায়।

এসব মাধ্যমে প্রচুর গুজব ও তুয়া খবর ছড়ানো হয়। তাই, কোনটা সত্য সেটা বের করার জন্য জনসাধারণের ‘মিডিয়া’ ও ইনফরমেশন লিটারেসি’ দরকার।’

অধিবেশনে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এম. জিয়াউলহক মামুন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অস্ট্রেলিয়ার মোনাশ ইউনিভার্সিটির অধ্যাপক, গিলিয়ান অলিভার। এছাড়া স্বাগত বক্তব্য রাখেন- ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারপারসন, ড. দিলারা বেগম।